৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে স্বপ্নযোগে সীতার ভবিষ্যৎ দর্শনের বিষয়টির যথাযথ বিবরণ দাও।

(খ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গ অবলম্বনে সরমা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) বঙ্কিমচন্দ্রের 'মনুষ্যফল' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় বর্ণনা করো।

(ঘ) 'বিড়াল' প্রবন্ধ অনুসরণে বঙ্কিমচন্দ্রের সমাজচিন্তার পরিচয় দাও।

(ঙ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' গ্রন্থের 'কলিকাতার চড়ক পার্ব্বণ' রচনা অবলম্বনে সেকালের কলকাতার চড়ক উৎসবের বিবরণ দাও।

(চ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' গ্রন্থের 'দুর্গোৎসব' রচনায় সেকালের কলকাতার যে সমাজজীবনের চিত্র ফুটে উঠেছে, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ছ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'স্বাধীনতা-সংগীত' কবিতায় প্রস্ফুটিত দেশপ্রেমের পরিচয় তুলে ধরো।

(জ) 'জীবন-সঙ্গীত' কবিতার মূল বিষয়বস্তু বুঝিয়ে লেখো।

★★★





**2024**

# BENGALI

## ( Honours Core)

Paper : BEN–HC–4026

**( আধুনিক বাংলা সাহিত্য : সূচনা পর্ব )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো : ১×১০=১০

(ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে কে সীতার ললাটে সিন্দুর-বিন্দু এঁকে দিয়েছিল?

(খ) রাবণ সীতাকে স্বর্ণলঙ্কার কোথায় বন্দী করে রেখেছিলেন?

(গ) ''হায় লো, কুলগ্নে, সখি, মগ্ন লোভ-মদে, মাগিনু কুরঙ্গে আমি। ....''

এখানে 'কুরঙ্গ' শব্দের অর্থ কী?

(ঘ) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র নারীজাতিকে কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন?

(ঙ) ''ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কি ক্ষতি?'' 'বিড়াল' প্রবন্ধের এই উক্তিটি কার?

(চ) 'হুতোম প্যাঁচার নক্শা' গ্রন্থের 'কলিকাতার চড়ক পার্ব্বণ' রচনায় লেখক শহরের ইংরেজি কেতার বাবুদের কটি দল রয়েছে বলে মনে করেছেন?

(ছ) 'হুতোম প্যাঁচার নক্শা' গ্রন্থের 'দুর্গোৎসব' রচনায় লেখক কোন্ তিথির সন্ধ্যায় শহরে প্রতিমার অধিবাস হয়েছিল বলে উল্লেখ করেছেন?

(জ) শূন্যস্থান পূরণ করো :

'বাম করতলে _____ কমল',

(ঝ) 'শ্রাবণে' কবিতার কবি কে?

(ঞ) 'উনবিংশ শতকের গীতিকবিতা সংকলন' গ্রন্থে সম্পাদকদ্বয় মানকুমারী বসুর 'মৃত্যু-সুহৃৎ' কবিতাটিকে কোন্ শ্রেণীর কবিতার অন্তর্ভুক্ত করেছেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো : ২×৫=১০

(ক) ''এতেক কহিয়া পুনঃ বসিলা যুবতী পদতলে। ...''

এখানে 'যুবতী' বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কার পদতলে বসেছেন?

(খ) 'মেঘনাদবদ কাব্য' গ্রন্থের কে, কার সঙ্গে নবলতিকার বিবাহ দিতেন?

(গ) 'বিড়াল' প্রবন্ধে কমলাকান্ত কীসের ওপর বসে কী হাতে নিয়ে ঝিমুচ্ছিলেন?





(ঘ) 'হুতোম প্যাঁচার নক্শা' গ্রন্থের 'দুর্গোৎসব' রচনায় দুর্গোৎসবের দিন সন্নিকট হলে কৃষ্ণনগরের কারিকরেরা কলকাতার কোন্ দুই জায়গায় এসে বসেছিলেন বলে লেখক উল্লেখ করেছেন?

(ঙ) 'জীবন-সঙ্গীত' কবিতার কবি কে? এই কবিতায় কবি আয়ুকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'মেঘনাদবদ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে বর্ণিত ইন্দ্রজিতের যুদ্ধযাত্রার সংবাদ শ্রবণে নগরবাসীদের আনন্দোৎসবের বিবরণ দাও।

(খ) ''... ঘোর বনে নির্দয় বাঘিনী
জন্ম দিয়া পালে তোরে, বুঝিনু দুর্ম্মতি!''

উক্তিটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে করেছিলেন, বুঝিয়ে লেখো।

(গ) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বড়লোকদের কাঁটালের সঙ্গে কীভাবে তুলনা করেছেন তার যথাযথ বর্ণনা দাও।

(ঘ) 'হুতোম প্যাঁচার নক্শা' গ্রন্থের 'দুর্গোৎসব' রচনায় লেখক কলাবউয়ের স্নানযাত্রার যে বিবরণ দিয়েছেন তার যথাযথ চিত্র অঙ্কন করো।

(ঙ) কবি অক্ষয়কুমার বড়ালের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) ''পেয়ে সে ললনা মধুর-মূরতি,
দেহে যেন ফিরে আসিল প্রাণ;
হেরিয়ে সখার হয় না তৃপতি,
নয়ন ভরিয়ে করেন পান।''

উপরে উল্লিখিত উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।